



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং: ০১

তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।

দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের জন্য কৃষি খাতের অগ্রযাত্রা অব্যাহত রাখা এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকল্পে উন্নত কৃষি ব্যবস্থার প্রয়োজনীয়তা রয়েছে। এ প্রেক্ষিতে কৃষকবান্ধব ও দারিদ্র্য বিমোচনে সহায়ক টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিতকরণের লক্ষ্যে ২৮ জুলাই ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে “২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি” প্রণয়ন করা হয়। উক্ত নীতিমালার মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ বিতরণের জন্য ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এফ্রণে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

১. কৃষি ঋণ বিতরণের পরিধি একই কৃষকের মধ্যে সীমাবদ্ধ না রেখে যাচাই বাছাইয়ের মাধ্যমে নতুন কৃষককে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদান করতে হবে। নতুন কৃষকদের অনুকূলে ঋণ বিতরণের বিবরণী সংযুক্ত ছক (পরিশিষ্ট-১) অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে (সংশ্লিষ্ট ত্রৈমাসিক সমাপনান্তে ৭ কর্মদিবসের মধ্যে) এ বিভাগে দাখিল করতে হবে।
২. যৌক্তিক বিবেচনায় একই পরিবারের একাধিক ব্যক্তিকে কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা যাবে।
৩. জেলা কৃষি ঋণ কমিটির কার্যক্রম আরও ফলপ্রসূ ও গতিশীল করার লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অনুচ্ছেদ নং- ৪.০, ১০.০৫ এবং ১৫.০ এ প্রদত্ত সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ১ (এক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)
পরিচালক (এসিডি)
ফোন: ৯৫৩০১৩৮

নতুন কৃষকের অনুকূলে ঋণ বিতরণের পুঞ্জীভূত বিবরণী (ত্রৈমাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ

বিবরণীর সময়কালঃ --/--/---- তারিখ ভিত্তিক

(লক্ষ টাকার অঙ্কে)

| জেলার নাম | উপজেলার নাম | শাখার নাম | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে বিতরণকৃত ঋণের পরিমাণ | | | | | | | | | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে ঋণপ্রাপ্ত কৃষকের সংখ্যা | সংশ্লিষ্ট অর্থবছরের পুঞ্জীভূত তথ্য | |
|-----------|-------------|-----------|---|----------------|-----------------|------------------------|-------|-------------------------|----------------|----------|-----|--|------------------------------------|-------------------------|
| | | | শস্য/ফসল | সেচ যন্ত্রপাতি | কৃষি যন্ত্রপাতি | পোল্ট্রি ও প্রাণিসম্পদ | মৎস্য | শস্যগুদাম ও বাজারজাতকরণ | দারিদ্র বিমোচন | অন্যান্য | মোট | | ঋণ বিতরণের পরিমাণ | ঋণপ্রাপ্ত কৃষকের সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | |

[Handwritten signature and stamp]